

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ৬, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২রা এপ্রিল ১৯৯৬/১৯শে চেত্র ১৪০২

এস. আর. ও, নং ৪৭-আইন/৯৬/১২৬-মূল্যক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১লা আখ্যাত, ১৪০২ বাং মোতাবেক ১৫ই জুন, ১৯৯৫ ইং তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও, নং ৯৬-আইন/৯৫/১১৪-মূল্যক নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের (খ) ক্রমিকের অধীন টেবিলের কলাম (১) এর—

(ক) শিরনামা সংখ্যা ৩০'০৪ এর আওতাধীন কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৩০০৪'৯০'০০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত "কিডনী রোগের ডায়ালিসিসের সাইক্লোসপারিন" শব্দগুলির পরিবর্তে "কিডনী রোগের ডায়ালিসিস ফুইড এবং কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপারিন ঔষধ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) শিরনামা সংখ্যা ৯০'১৮ এবং উহার বিপরীত কলাম (২) ও কলাম (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“৯০১৮'৩১'০০	ডায়ালিসিস ফু ইড ব্যাগের জন্য ইনসুলিন সিরিঞ্জ পতিভিন-আয়োডিন ষ্টিক;
৯০১৮'৯০'৯০	ডায়ালিসিস টিউব ড্রেসিং এর জন্য ওভার স্পনজেস গীজ স্পনজেস, বেসিক ওয়াই সেট ও মিনিক্যাপ।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইফুল ইসলাম খান
অতিরিক্ত সচিব
(পদাধিকারবলে)।